# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৭২. কী কী কাজের পূর্বে ওযু করা ফরয? - [যেসব কাজের পূর্বে ওযু করা ফরয]

যেসব কাজের পূর্বে ওযূ করা ফরয, তা হলো

১. সালাত আদায়ের পূর্বে। আল্লাহ তাআলা বলেন,
“হে মুমিনেরা! তোমরা যখন নামাযে দাঁড়াও, তখন (তার পূর্বে) তোমাদের মুখমণ্ডল ও হাত দু’টো কনুই পর্যন্ত ধৌত কর, অতঃপর মাথা মাসেহ কর এবং উভয় পা টাখনু পর্যন্ত ধৌত কর।” (সূরা ৫; মায়িদা ৬)

রাসূলুল্লাহ (স) বলেছেন, “পবিত্রতা অর্জন ছাড়া নামায কবুল হয় না।” (মুসলিম ২২৪) অর্থাৎ, বড় নাপাকি হলে গোসল এবং ছোট নাপাকি হলে অবশ্যই ওযূ করে সালাত আদায় করতে হবে ।

২. কাবাঘরে তাওয়াফ রাসূলুল্লাহ (স) বলেছেন, “কাবাঘরে তাওয়াফ করা নামাযতুল্য।” (নাসাঈ: ২৯২০ অপর এক হাদীসে আয়েশা (রা)-কে সম্বোধন করে রাসূলুল্লাহ (স) বলেছেন, “পবিত্র না হয়ে আল্লাহর ঘরে তাওয়াফ করো না।” (বুখারী: ৩০৫)

৩. কুরআন শরীফ স্পর্শ করা ইবনে ওমর (রা) বর্ণিত এক হাদীসে রাসূল (স) বলেন, “পবিত্র না হয়ে কেউ যেন কুরআন শরীফ স্পর্শ না করে।” (দারা কুতনী: ৪৩১-৪৩৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12808

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন